হায় হায়! তুমি তোমার সাথীর গর্দান কেটে ফেললে!’

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের নিকট এক ব্যক্তি অন্য একজনের (তার সামনে) প্রশংসা করলে নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বললেন, ‘হায় হায়! তুমি তোমার সাথীর গর্দান কেটে
ফেললে!’ এরূপ বার-বার বলার পর তিনি বললেন, “তোমাদের কাউকে যদি প্রশংসা করতেই চায়,
তাহলে সে বলবে, ‘আমি ওকে এরূপ মনে করি’ (যদি জানে যে, সে প্রকৃতই এরূপ) ‘এবং আল্লাহ তার যথার্থ পর্যবেক্ষক। আর আল্লাহর (জ্ঞানের) উপর কাউকে পবিত্র ঘোষণা করবে না।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

হাদীসটিতে একটি বরকতপূর্ণ সুন্নাতের নির্দেশনা দেওয়া হয়েছে। অর্থাৎ একজন মুসলিম প্রশংসার ক্ষেত্রে বাড়াবাড়ি থেকে অবশ্যই বিরত থাকবে। কারণ, আত্মতৃপ্তি ও অহংকার শয়তানের একটি প্রবেশদ্বার। প্রশংসা ও সুনামের ক্ষেত্রে বাড়াবাড়ির ফলে প্রশংসিত ব্যক্তি আত্মতৃপ্তি ও অহংকারীতে লিপ্ত হতে পারে, যার ফলে সে ধ্বংস হবে। সুতরাং একজন মুসলিম কারো প্রশংসা ও সুনাম করার ক্ষেত্রে মধ্যমপন্থা অবলম্বন করবে এবং মানুষের বিষয়টি আল্লাহ সুবহানাহুর নিকট সোপর্দ করবে, যিনি মানুষের অন্তরের যাবতীয় বিষয় জানেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5735